# মুক্তিযুদ্ধের চেতনায় ঐক্যবদ্ধ কর্মকর্তা পরিষদ

## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

---

তারিখ: ১৭-৯-২০১৯ ইং

**<u>প্রেস বিজ্ঞপ্তি</u>**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাদের দীর্ঘদিনের দাবীর প্রেক্ষিতে কর্তৃপক্ষের ঐকান্তিক প্রচেষ্টা এবং আন্তরিকতার ফলশ্রুতিতে স্বাস্থ্যবীমা প্রকল্প চালু করা হয়। ইতোমধ্যে বেশ কিছু সংখ্যক শিক্ষক-কর্মকর্তা এর সুবিধা ভোগ করেছেন। স্বাস্থ্যবীমা চুক্তিটি শিক্ষক-কর্মকর্তাদের মধ্যে সীমাবদ্ধ থাকায় তাঁদের পরিবারের সদস্যদেরও এর আওতায় আনার জন্য কর্তৃপক্ষের নিকট দাবী জানানো হয়। শিক্ষক-কর্মকর্তা বান্ধব এই বীমা চুক্তিটি যখন সকলের নিকট গ্রহণযোগ্যতা পেয়েছে, ঠিক এমন সময় এই চুক্তির বিরুদ্ধে মামলা দায়ের করায় মুক্তিযুদ্ধের চেতনায় ঐক্যবদ্ধ কর্মকর্তা পরিষদের পক্ষ থেকে তীব্র নিন্দা জ্ঞাপন করা হয়। মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয় যখন উন্নয়নের মহাসড়কে ধাবিত হচ্ছে  এমনই সময় বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে মামলা দায়ের বিশ্ববিদ্যালয়ের এই অগ্রযাত্রাকে বাধাগ্রস্ত করার অপপ্রয়াস বলে আমরা মনে করি।

(রাজীব সী)<br>
সদস্য সচিব,<br>
মুক্তিযুদ্ধের চেতনায় ঐক্যবদ্ধ কর্মকর্তা পরিষদ<br>
শাবিপ্রবি, সিলেট।